

কোনটা আগে

পথের মোড়ে বাগিয়ে চাকু
পাকিয়ে দুটো চোখ
বললে, “দাদা, ছাড়ুন টাকা,”
ছিনতাইবাজ লোক।

“নইলে শুধু প্রাণটা যাবে
ফাঁসিয়ে দেব ভুঁড়ি,
বলুন দেবেন প্রাণ না টাকা
নেইকো লুকোচুরি।”

আচমকা এই ধমক খেয়ে
পথিক ভ্যাবাচাকা
হয়েই বলে, “প্রাণটাই নাও
দিচ্ছি না ভাই টাকা।

টাকা দিলে কিচ্ছুটি আর
থাকবে না কো হাতে
ছেলেপুলে কি-ই বা খাবে
বলতে পারো রাতে?”

রাজীব মিত্র

